



বাংলাদেশ কৃষি ব্যাংক

Phone : 9553637

প্রধান কার্যালয়, ঢাকা

bkb@intechworld.net

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৩) অংশ-৬/২০১৬-২০১৭/ ৪৬৫

তারিখ : ১৬.০৫.২০১৭খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, কাউথালী শাখা, রাংগামাটি এর পরিদর্শক জনাব রুবেল কর (আর-১৪৫৩) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য একটি আবেদন করেছেন।

০২। উক্ত আবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব রুবেল কর দীর্ঘদিন যাবৎ কিডনী রোগে ভোগছেন। বর্তমানে তার দুটি কিডনী নষ্ট হয়ে গিয়েছে। তার বেঁচে থাকার জন্য সহসা একটি কিডনী প্রতিস্থাপন করা খুবই জরুরী হয়ে পড়েছে। কিডনী প্রতিস্থাপন একটি ব্যয়বহুল ব্যাপার বিধায় তার মতো একজন স্বল্প বেতনের কর্মচারীর পক্ষে চিকিৎসা ব্যয় ভার বহন করা অসম্ভব হয়ে পড়েছে এবং তিনি পারিবারিক ভাবেও স্বচ্ছল নন মর্মে আবেদনে উল্লেখ করেছেন। তিনি বাংলাদেশ কৃষি ব্যাংক পরিবারের একজন সদস্য হিসাবে বেঁচে থাকার জন্য অত্র ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিকট আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, মানবিক কারণে জনাব রুবেল কর (আর-১৪৫৩) এর চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, কাউথালী শাখায় পরিচালিত জনাব রুবেল কর এর সম্বন্ধী হিসাব নং-৪৭২০ তে ১ (এক) দিনের লাঞ্চ ভাতা অথবা যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(মোঃ হুমায়ূন খালিদ)

উপ-মহাব্যবস্থাপক

১৬/০৫/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১. নথি/অফিস নথি।

১৬.০৫.২০১৭
(মোঃ আবু ছাদেক মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক